

শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd

অতিব জরুরী

স্মারক নং-৩৮.০১.০০০০.০২০.০২.০৫০.২০১৮ - ৩৭৪

তারিখ : ২৮ কার্তিক, ১৪২৫ বঃ
১২ নভেম্বর, ২০১৮ খ্রিঃ

বিষয়ঃ শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত “বৃত্তি পরীক্ষা-২০১৮” এর লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়
ভিত্তিক তালিকা ও প্রবেশপত্র এবং সমাপনী পরীক্ষার ফলাফল প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বৃত্তি পরীক্ষা পরিচালনা কমিটির ২৫/১০/২০১৮ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের “বৃত্তি পরীক্ষা-২০১৮” আগামী ০৮/১২/২০১৮ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত সারাদেশে নির্ধারিত কেন্দ্রসমূহে একযোগে অনুষ্ঠিত হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে তাঁদের নির্দেশনা মোতাবেক পরীক্ষা সম্পন্ন করার জন্য আপনার বিদ্যালয় হতে “বৃত্তি পরীক্ষা-২০১৮” এ অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের শ্রেণি ভিত্তিক তালিকা ও প্রবেশপত্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। বৃত্তি পরীক্ষা পরিচালনা কমিটি ও ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী সমাপনী পরীক্ষা-২০১৮ এর ফলাফলের ভিত্তিতে ৫ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান করা হবে। সে মতে ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা-২০১৮ এর ফলাফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ফলাফল সম্বলিত তালিকা sktdpe@gmail.com নং ই-মেইলে অত্র দপ্তরে প্রেরণ করা আবশ্যিক।

বর্ণিত বিষয়সমূহের উপর কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত:- বর্ণনামতে।



(হাবিবুর রহমান)

পরিচালক (যুগ্ম-সচিব)

শিশু কল্যাণ ট্রাস্ট


ফোন: ৫৫০৭৪৮৮৪

ই-মেইলঃ director@skt.gov.bd

প্রধান শিক্ষক (সকল)

শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-

.....



সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ৪। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট),
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট),
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট),
- ৭। উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট),
- ৮। অফিস কপি